# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৩৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৯]

২। তাহারাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. কুকুরের পানীয় পাত্র সম্পর্কে বিধান।

باب حُكْمِ وُلُوغِ الْكَلْبِ

আরবী

وَحَدَّثَنِي عَلِيُّ بْنُ حُجْرٍ السَّعْدِيُّ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، أَخْبَرَنَا الأَعْمَشُ، عَنْ أَبِي رَزِينٍ، وَأَبِي، صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا وَلَغَ الْكَلْبُ فِي إِنَاءِ أَحَدِكُمْ فَلْيُرِقْهُ ثُمَّ لْيَغْسِلْهُ سَبْعَ مِرَارٍ " .

বাংলা

৫৩৫-(৮৯/২৭৯) ’আলী ইবনু হুজুর আস সা’দী (রহঃ) ..... আবূ হুরাইরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের কারো পাত্রে যখন কুকুরে মুখ দিবে তখন সে যেন পাত্রের বস্তু ফেলে দেয়। তারপর পাত্রটি সাতবার ধুয়ে ফেলে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৩৯, ইসলামিক সেন্টারঃ ৫৫৫)

## English

Chapter: Rulings on what was licked by a dog

Abu Huraira reported the Messenger of Allah (ﷺ) to have said: When a dog licks a utensil belonging to any one of you, (the thing contained in it) should be thrown away and then (the utensil) should be washed seven times.

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

কুকুরের লালা থেকে পাত্র পবিত্র করার হুকুম

কোনো কোনো বর্ণনায় এসেছে, প্রথমবারে মাটি দিয়ে ধৌত করতে হবে, কোনো বর্ণনায় এসেছে অষ্টম বার। আবার কোনো কোনো বর্ণনায় যে কোন একবার মাটি দিয়ে ধৌত করতে বলা হয়েছে। সুতরাং, একবার মাটি

দিয়ে ঘষে নিলেই বিধান পালন হয়ে যাবে।

হাদীসের শিক্ষা

১. কুকুর কোনো পাত্রে মুখ দিলে, তা থেকে পান করলে বা তা থেকে কোনো কিছু ভক্ষণ করলে উক্ত পাত্রকে অপবিত্র করে দেয়।

২. কুকুর যে পাত্রে মুখ দিবে সেটি ৭ বার ধুতে হবে।

৩. কুকুর কোথাও মুখ দেয়া, পান করা, খাবার খাওয়া সবই একই পর্যায়ের। সুতরাং সে পাত্রের অবশিষ্ট জিনিস অপবিত্র হয়ে যাবে।

৪. মাটির মতো অন্যান্য বর্তমান বিভিন্ন বস্তু যেমন- সাবান, ভীম, রীন, গুড়া সাবান ইত্যাদি ব্যবহার করলেও পবিত্র করবে বলে ইমাম আহমাদ ও শাফেয়ী রাহিমাহুমাল্লাহ মত প্রকাশ করেছেন। অন্যান্য আলেমগণ তা অনুমোদন করেননি।

৫. সাত বার ধোয়া ও অষ্টম বারে মাটি দিয়ে ঘষে নেয়ার রহস্য জানা না থাকলেও সেটাই মেনে নিতে হবে। এটাই ঈমানী দায়িত্ব। আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম যা বলেন কিছু ঈমানদার তা বিনা বাক্য মেনে নেয়। রহস্য জানা না গেলেও তাতে তাদের কিছু যায় আসে না।

৬. হাদীসে সকল ধরনের কুকুরকেই এ বিধানের অন্তর্ভুক্ত করা হয়েছে। কেউ কেউ শিকারী কুকুর কিংবা পাহারাদার কুকুরকে আলাদা করতে চেয়েছেন, কিন্তু দলীল তাদের পক্ষে যায় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন